শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় ★ খুলনা ★

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বিএড (অনার্স) ৬ষ্ঠ সেমিস্টার ইনকোর্স পরীক্ষা- ২০২০

বিষয়ঃ রাষ্ট্রবিজ্ঞান-৪

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৩০

## "ক-বিভাগ" নৈর্ব্যক্তিক প্রশ্নঃ

১ x ১০ = ১০

১। পাকিস্তানে প্রথম শিক্ষা কমিশন গঠিত হয় কত সালে?

(ক) ১৯৪৮ (খ) ১৯৪৯ (গ) ১৯৫১ (ঘ) ১৯৫২

২। মওলানা আকরাম খাঁ শিক্ষা কমিশন কত সালে তাদের রিপোর্ট প্রদান করে?

(ক) ১৯৪৯ (খ) ১৯৫০ (গ) ১৯৫২ (ঘ) ১৯৫৪

৩। শিক্ষাকে জাতীয় বিনিয়োগ হিসেবে আখ্যায়িত করা হয় কোন শিক্ষা কমিশনে?

(ক) আতাউর রহমান খান শিক্ষা কমিশন (খ) আকরাম খাঁ শিক্ষা কমিশন

(গ) হামুদুর রহমান শিক্ষা কমিশন (ঘ) এস এম শরীফ শিক্ষা কমিশন

৪। শিক্ষা আন্দোলন সংঘঠিত হয় কত সালে?

(ক) ১৯৫৮ (খ) ১৯৬০ (গ) ১৯৬২ (ঘ) ১৯৬৬

৫। ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন কত সালে তাদের রিপোর্ট পেশ করে?

(ক) ১৯৭২ (খ) ১৯৭৩ (গ) ১৯৭৪ (ঘ) ১৯৭৫

৬। মনিরুজ্জামান শিক্ষা কমিশন কত সালে তাদের রিপোর্ট পেশ করে?

(ক) ২০০৩ (খ) ২০০৪ (গ) ২০১০ (ঘ) ২০১২

৭। বর্তমানে বাংলাদেশে শিক্ষার স্তর কতটি?

(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

৮। প্রথম ইন্ডিয়ান এডুকেশন কমিশন গঠিত হয় কত সালে?

(ক) ১৮৫৪ (খ) ১৮৬২ (গ) ১৮৮২ (ঘ) ১৯০১

৯। ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন প্রাথমিক শিক্ষাকে কত বছর মেয়াদী করার সুপারিশ করেন?

(ক) ৫ বছর (খ) ৬ বছর (গ) ৭ বছর (ঘ) ৮ বছর

১০। বাংলায় আধুনিক গণশিক্ষার আইনি ভিত্তি কোনটি?

(ক) হান্টার কমিশন (খ) উডের ডেসপ্যাচ

(গ) বেঙ্গল এডুকেশন কোড (ঘ) ইন্ডিয়ান কনফারেন্স

## "খ- বিভাগ" রচনামূলক প্রশ্ন

(যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দাও)

৪ x ৫ = ২০

১। মওলানা আকরাম খাঁ শিক্ষা কমিশনের ৫টি সুপারিশ লিখ।

২। ১৯৬২ সালে শিক্ষা আন্দোলন সংঘঠিত হওয়ার কারণ লিখ।

৩। শিক্ষার আধুনিকায়নে ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের ৫টি সুপারিশ লিখ।

৪। জাতীয় শিক্ষা নীতি ২০১০ এর ৫টি উদ্দেশ্য লিখ।

৫। মাধ্যমিক শিক্ষার উন্নয়নে ২০১০ জাতীয় শিক্ষা নীতিতে গৃহীত ৫টি পদক্ষেপ উল্লেখ কর।

১৭/০২/২০২০

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বিএড (অনার্স) তৃতীয় বর্ষ ষষ্ঠ সেমিস্টার ইনকোর্স পরীক্ষা ২০২০

শিক্ষাক্রম পরিচিতি (আবশ্যিক)

বিষয় কোড: ৫৩০৩৪৯

সময়: ২ ঘন্টা পূর্ণমান: ৩০

"ক" বিভাগ

(বহুনির্বাচনি প্রশ্নের উত্তর লিখ) ১০ X ১ = ১০

১. Curriculum শব্দটি কোন শব্দ থেকে উৎপত্তি হয়েছে?
ক. Currere খ. Race গ. Course ঘ. Carrier

২. Curriculum এর আধুনিক ধারণার ব্যবহার শুরু হয় কোন দেশ থেকে?
ক. ফ্রান্স খ. যুক্তরাজ্য গ. ইতালি ঘ. যুক্তরাষ্ট্র

৩. নিচের কোনটি মনোপেশীজ ক্ষেত্রের উদাহরণ?
ক. জবাফুলের বিভিন্ন অংশ অংকন কর খ. জবাফুলের বিভিন্ন অংশের নাম লিখ
গ. জবাফুলের বিভিন্ন অংশ চিহ্নিত কর ঘ.জবাফুলের বিভিন্ন অংশ বিচ্ছিন্ন করে দেখাও

৪. নিচের কোনটি শিখনফলের বৈশিষ্ট্য
ক. অনুধাবনযোগ্য খ. শিখনযোগ্য গ. পরিমাপযোগ্য ঘ. শিখনদক্ষতাযোগ্য

৫. নিচের কোনটি শিক্ষাক্রমের উপাদান?
ক. পরিবার খ. সমাজ গ. বিষয়বস্তু ঘ. পরিবেশ

৬. নিচের কোন বিষয়টি সমন্বিত শিক্ষাক্রমের অন্তর্ভূক্ত?
ক. বাংলা খ. ইংরেজি গ. ধর্ম ও নৈতিক শিক্ষা ঘ. সামাজিক বিজ্ঞান

৭. বাংলাদেশের মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম কোন ধরনের?
ক. বিকেন্দ্রীভূত খ. সমন্বিত গ. অর্ধ-বিকেন্দ্রীভূত ঘ. কেন্দ্রীভূত

৮. নিচের কোনটি অংশগ্রহণমূলক শিক্ষণ পদ্ধতি?
ক. বক্তৃতা খ. পর্যবেক্ষণ গ. আলোচনা ঘ. দলগত

৯. শিক্ষার্থীদের শিখন অগ্রগতি যাচাইয়ের জন্য শ্রেনিকক্ষে যে মূল্যায়ন করা হয় তাকে কী মূল্যায়ন বলা হয়?
ক. ধারাবাহিক খ. প্রান্তিক গ. সামষ্টিক ঘ. সাধারণ

১০. "অনমনীয় ও অপরিবর্তনশীল" – এই বৈশিষ্ট্য কোন শিক্ষাক্রমে বিদ্যমান?
ক. সমন্বিত শিক্ষাক্রম খ. কোর শিক্ষাক্রম গ. বিষয়কেন্দ্রিক ঘ. শিক্ষার্থীকেন্দ্রিক

"খ" বিভাগ

(যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও)

১. শিক্ষাক্রম বলতে কি বুঝায়? শিক্ষাক্রম ও পাঠ্যসূচির মধ্যে পার্থক্য কর। ৫

২. শিক্ষাক্রমের মূল উপাদানগুলি উল্লেখ কর। শিক্ষাক্রমের মূলনীতি বিশ্লেষণ কর। ৫

৩. শিক্ষাক্রমের প্রকৃতি ও পরিসর আলোচনা কর। সহশিক্ষাক্রম কার্যাবলির প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৫

৪. শিখন শেখানো পদ্ধতি ও কৌশলের একটি তালিকা প্রস্তুত কর। শিক্ষার্থীকেন্দ্রিক ও শিক্ষককেন্দ্রিক শিক্ষাক্রমের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৫

৫. শিখনযাচাই ও শিখনমূল্যায়ন বলতে কী বুঝ? গঠনকালীন ও প্রান্তিক মূল্যায়নের মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৫

## সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বিএড (অনার্স) ৩য় বর্ষ ৬ষ্ঠ সেমিস্টার ইনকোর্স পরীক্ষা, ২০২০

বিষয়: আইসিটি শিক্ষা ৪র্থ পত্র

বিষয় কোড: 530355

সময়: ২ ঘন্টা পূর্ণমান-৩০

১। সঠিক উত্তরটি খাতায় লিখ: (নৈর্ব্যক্তিক) ১০X১=১০

(ক) কোনটি ওয়েব ব্রাউজার?

(i) গুগল (ii) ইয়াহু (iii) মজিলা ফায়ারফক্স (iv) বিং

(খ) ইন্টারনেটের মাধ্যমে পরস্পরের সাথে যুক্ত হাইপার টেক্সট ডকুমেন্টকে বলা হয়-

(i) নেটওয়ার্কিং (ii) প্রোগ্রামিং (iii) ব্রাউজিং (iv) ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব

(গ) ওয়েবপেজে চিত্র সংযোগ করার জন্য কোন ট্যাগ ব্যবহৃত হয়?

(i) <pic> (ii) <img> (iii) <jpg> (iv) <png>

(ঘ) মানুষের ভাষার সাথে কোন ভাষার মিল আছে?

(i) নিম্নস্তরের (ii) উচ্চস্তরের (iii) যান্ত্রিক (iv) আসেম্বলি

(ঙ) 4GL বলতে কী বুঝায়?

(i) অতি উচ্চতর ভাষা (ii) উচ্চতর ভাষা (iii) মধ্যম স্তরের ভাষা (iv) নিম্ন স্তরের ভাষা

(চ) প্রোগ্রামের ভুলত্রুটি খুঁজে বের করাকে কী বলে?

(i) বাগ (ii) ডিবাগিং (iii) সিনটেক্স (iv) বাগিং

(ছ) ওয়েবসাইট তৈরিতে ব্যবহৃত ভাষা কোনটি?

(i) FORTRAN (ii) HTML (iii) PYTHON (iv) BASIC

(জ) সর্বোচ্চ গতিতে ডেটা ট্রান্সফার করে কোনটি?

(i) UTP (ii) STP (iii) কো-এক্সিয়াল ক্যাবল (iv) ফাইবার অপটিক ক্যাবল

(ঝ) কোনটি নেটওয়ার্ক টপোলজি?

(i) LAN (ii) MAN (iii) WAN (iv) BUS

(ঞ) কোন ব্যবস্থায় কোন কেন্দ্রীয় কম্পিউটার থাকে না?

(i) বাস টপোলজি (ii) রিং টপোলজি (iii) স্টার টপোলজি (iv) মেগা টপোলজি

২৫ কপি

(রচনামূলক অংশ- যেকোন ৪টি প্রশ্নের উত্তর দাও)

২। (ক) HTML কী? ১

(খ) ওয়েব সাইট তৈরিতে HTML এর গুরুত্ব ব্যাখ্যা কর। ২

(গ) স্ট্যাটিক ও ডাইনামিক ওয়েব সাইটের পার্থক্য লিখ। ২

৩। (ক) এট্রিবিউট কী? ১

(খ) HTML এ ব্যাকগ্রাউন্ড কালার ব্যবহার করার উদাহরন দাও। ২

(গ) ওয়েবসাইট পাবলিশ করার ধাপসমূহ বর্ণনা কর। ২

৪। (ক) অনুবাদক প্রোগ্রাম কাকে বলে? ১

(খ) এলগরিদম ও ফ্লোচার্ট এর মধ্যে পার্থক্য লিখ। ২

(গ) উচ্চতর ভাষা কীভাবে মেশিন ভাষা থেকে সুবিধাজনক? ব্যাখ্যা কর। ২

৫। (ক) ইন্টারনেট কানেকশনের জন্য যে সব যন্ত্রপাতির প্রয়োজন তার একটি তালিকা তৈরি কর। ১

(খ) মডেম এর মাধ্যমে কীভাবে কম্পিউটারে ইন্টারনেট কানেকশন দিতে হয়? ২

(গ) স্টার ও ট্রি টপোলজি বর্ণনা কর। ২

৬। (ক) ক্লাউড কম্পিউটিং কী? ১

(খ) কম্পিউটার ভাইরাসমুক্ত রাখার কৌশল বর্ণনা কর। ২

(গ) কম্পিউটার হার্ডওয়্যারের দুইটি সমস্যা উল্লেখ করে তার সমাধানের উপায় লিখ। ২

বি এড (অনার্স) তৃতীয় বর্ষ, ষষ্ঠ সেমিস্টার ইনকোর্স পরীক্ষা-২০২০
শিক্ষণ পদ্ধতি, মাইক্রোটিচিং ও সিমুলেশন
বিষয় কোড: ৫৩০৩৪৯
সময় : ২ ঘন্টা                    পূর্ণমান -৩০

(নৈর্ব্যক্তিক অংশ)   ১×১০=১০

১। মাইক্রোটিচিং পদ্ধতি প্রথম কোন বিশ্ববিদ্যালয়ে ব্যবহৃত হয় ?
ক) হার্বার্ট বিশ্ববিদ্যালয়  খ) শিকাগো বিশ্ববিদ্যালয়  গ) স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়  ঘ) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়

২। নীচের কোনটি সিমুলেশনের দক্ষতা ?
ক) প্রশ্নকরণ   খ) পুন: পাঠদান   গ) সহজলভ্য উপকরণ   ঘ) বাড়ির কাজ মূল্যায়ন

৩। পাঠপরিকল্পনার প্রধান ধাপ হলো-
ক) প্রস্তুতি   খ) উপস্থাপন   গ) মূল্যায়ন   ঘ) উপরের সবগুলো

৪। মাইক্রোটিচিং হলো-
ক) সতীর্থ শিক্ষণ   খ) অনুশিক্ষণ   গ) ছদ্মশিক্ষণ   ঘ) দলগত শিক্ষণ

৫। লাইব্রেরী কোন ধরণের শিক্ষা উপকরণ ?
ক) অনুসন্ধান   খ) দর্শন   গ) কর্মসম্পাদন   ঘ) শ্রবণ-দর্শন

৬। পাঠের শিখনফলের বৈশিষ্ট্য কোনটি ?
ক) আচরনিক   খ) অপেক্ষাকৃত স্থায়ী   গ) মনোরম ভাষা   ঘ) উপরের সবগুলো

৭। শ্রেণিতে শিক্ষক শিক্ষার্থীর আদর্শ অনুপাত হলো -
ক) ১: ৩০   খ) ১:৩৫   গ) ১:৪০   ঘ) ১:৪৫

৮। মাইক্রোস্কোপ কোন ধরণের শিক্ষা উপকরণ ?
ক) অনুসন্ধান   খ) দর্শন   গ) কর্মসম্পাদন   ঘ) শ্রবণ-দর্শন

৯। নীচের কোনটি শ্রেণি ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত নয় ?
ক) আসন বিন্যাস   খ) পদ্ধতি ও কৌশল প্রয়োগ   গ) শ্রেণির উপযুক্ত স্থানে বোর্ড স্থাপন   ঘ) পাঠপরিকল্পনা তৈরি

১০। দলগত কাজে আদর্শ দলের সদস্য সংখ্যা কত ?
ক) (২-৪)জন   খ) (৩-৫)জন   গ) (৪-৬)জন   ঘ) (৫-৭)জন

(রচনামূলক অংশ)  (৩×৪=১২)+৮=২০

৫ নং প্রশ্নসহ যেকোন চারটি প্রশ্নের উত্তর লিখ :

১। একটি আদর্শ শ্রেণি পাঠদানে শিক্ষকের ভাষাজ্ঞান, বাচনভঙ্গি, কণ্ঠস্বরের ওঠানামা কতটুকু প্রভাব ফেলে আলোচনা কর। ৪
২। শ্রেণিকক্ষ প্রশ্নকরণ কী ? প্রশ্নকরণ কিভাবে শিক্ষার্থীর বিকাশে সহায়তা করে বর্ণনা কর। ৪
৩। চকবোর্ড/ মার্কার বোর্ড ব্যবহার নীতিমালা বর্ণনা কর। ৪
৪। শিক্ষা উপকরণ ব্যবহার ও সংরক্ষণ কৌশল লিখ। ৪
৫। শ্রেণি, বিষয় ও বিষয়বস্তু উল্লেখপূর্বক ৫০ মিনিটের উপযোগী করে একটি পাঠপরিকল্পনা তৈরি কর। ৮

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

বিএড (সম্মান) তৃতীয় বর্ষ ষষ্ঠ সেমিস্টার ইনকোর্স পরীক্ষা ২০২০

বিষয়: ভূগোল ও পরিবেশ (চতুর্থ পত্র)

সময়: ২ ঘণ্টা পূর্ণমান- ৩০

(নৈর্ব্যক্তিক অংশ: সঠিক উত্তরটি খাতায় লিখ) ১০×১=১০

১। বাংলাদেশের জলবায়ু কোন ধরনের?

(ক) নিরক্ষীয় জলবায়ু (খ) ক্রান্তীয় জলবায়ূ (গ) উপক্রান্তীয় জলবায়ু (ঘ) মেরুদেশীয় জলবায়ু

২। স্থানীয়ভাবে টিলা নামে পরিচিত-

(ক) উত্তর ও উত্তর-পূর্ব অঞ্চলের পাহাড়সমূহ (খ) দক্ষিণ-পূর্ব অঞ্চলের পাহাড়সমূহ

(গ) কুমিল্লার লালমাই ও ময়নামতি পাহাড়সমূহ (ঘ) মধুপুর ও ভাওয়াল অঞ্চলের উচ্চভূমি

৩। লাল ল্যাটারাইট মৃত্তিকা বাংলাদেশের কোন অঞ্চলে দেখতে পাওয়া যায়?

(ক) কুমিল্লা, নোয়াখালী ও সিলেট (খ) ফরিদপুর খুলনা ও বরিশাল

(গ) ঢাকা, গাজীপুর ও ময়মনসিংহ (ঘ) রংপুর, দিনাজপুর ও বগুড়া

৪। দেশের প্রথম সার কারখানা কোনটি?

(ক) ঘোড়াশাল সার কারখানা (খ) চট্রগ্রাম ইউরিয়া সার কারখানা

(গ) আশুগঞ্জ সার কারখানা (ঘ) ফেঞ্চুগঞ্জ সার কারখানা

৫। বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসের অধিকাংশই-

ক) প্রপেন খ) ইথেন গ) মিথেন ঘ) হাইড্রোকার্বন

৬। কোন জেলায় গমের চাষ সবচাইতে বেশি হয়?

ক) যশোর, কুষ্টিয়া, রংপুর ও রাজশাহী খ) ময়মনসিংহ, কুমিল্লা, জামালপুর ও টাংগাইল

গ) মৌলভীবাজার, সিলেট ও হবিগঞ্জ ঘ) ঢাকা, ফরিদপুর, মাদারীপুর ও বরিশাল

৭। সবচাইতে বড় কয়লা ক্ষেত্রটি কোথায় অবস্থিত?

(ক) দিনাজপুর জেলার বড় পুকুরিয়া (খ) রংপুর জেলার খালসপীর

(গ) জয়পুরহাট জেলার জামালগঞ্জ (ঘ) দিনাজপুর জেলার দীঘিপাড়া

৮। গ্রীষ্মকালে মৌসুমী বায়ু কোন দিক থেকে প্রবাহিত হয়?

ক) দক্ষিণ-পশ্চিম খ) উত্তর-পশ্চিম গ) দক্ষিণ-পূর্ব ঘ) উত্তর-পূর্ব

৯। মধুপুর গড় এলাকা কোন যুগে গঠিত হয় বলে বিজ্ঞানীরা মনে করেন?

(ক) মাইওসিন (খ) প্লায়োসিন (গ) হলোসিন (ঘ) প্লাস্টোসিন

১০। কর্ণফুলী কাগজকলে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়-

(ক) বাঁশ (খ) আখের ছোবড়া (গ) গেওয়া কাঠ (ঘ) পাটকাঠি

(রচনামূলক অংশ: যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও) ৪×৫=২০

১। বৈশিষ্ট্য উল্লেখপূর্বক বাংলাদেশের জলবায়ুর সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। প্রাকৃতিক, রাসায়নিক ও ভূতাত্ত্বিক উৎপত্তি অনুসারে শ্রেণিবিভাগ করে বাংলাদেশের মৃত্তিকা অঞ্চলের বৈশিষ্ট্য লিখ।

৩। বাংলাদেশে কোন কোন খনিজ সম্পদ পাওয়া গিয়েছে? প্রাকৃতিক গ্যাসের বিবরণ দাও।

৪। বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের গুরুত্ব আলোচনা কর। বাংলাদেশের বস্ত্র শিল্পের বিবরণ দাও

৫। বাংলাদেশের বনভূমির শ্রেণি উল্লেক করে বনভূমির বিবরণ দাও